



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/24/2021

গভর্নর ক্যাথি হোচুল

## গভর্নর ক্যাথি হোচুল নিহত ট্রুপারের সম্মানে আগামীকাল সকল স্টেট বিল্ডিং এর পতাকা অর্ধনমিত রাখার নির্দেশ দিয়েছেন

"আমি নিউ ইয়র্ক স্টেটের পুলিশ ট্রুপার জেমস জে. মনডার মৃত্যুতে শোকাহত, যিনি বিভাগের একজন 18 বছর ভেটেরান সদস্য ছিলেন, যিনি রবিবার গ্রেট স্যাকালভাগা লেকে মেরিন টহলে থাকা অবস্থায় ডিউটিতে মৃত্যু বরণ করেন।

আমাদের ট্রুপাররা স্টেটের জনগণকে সেবা প্রদান করে এবং তাদের প্রতিরক্ষায় কাজ করে এবং যখন আমরা একজন সদস্য হারাই, আমরা আমাদের কমিউনিটির একটি অংশ হারাই। আমি সকল নিউ ইয়র্কবাসীদের পক্ষ থেকে ট্রুপার মনডার পরিবার, বাগদত্তা এবং বন্ধুদের প্রতি প্রার্থনা এবং সহানুভূতি প্রকাশ করছি।

আমি আগামীকাল থেকে সোমবার পর্যন্ত ট্রুপার মনডার সম্মানে সব স্টেট বিল্ডিং এর পতাকা অর্ধনমিত রাখার নির্দেশ দিচ্ছি। আমাদের নিরাপত্তা এবং আমাদের স্টেটের প্রতি তার একাগ্র সেবা আমরা কখনো ভুলে যাব না।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবন্ধাইব করুন](#)